DISTRICT OF COLUMBIA
OFFICE OF THE STATE SUPERINTENDENT OF
EDUCATION

# স্কুল-ভিত্তিক COVID-19 পরীক্ষার তথ্যাবলী এবং অপ্ট-আউট ফর্ম

*প্রকাশিত: আগস্ট 26, 2021*

রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC), স্কুলে করোনাভাইরাস (COVID-19) পরীক্ষার সুপারিশ করছে। COVID-19 পরীক্ষা স্কুলগুলিকে দ্রুত COVID-19 এর ঘটনাগুলি সনাক্ত করতে এবং স্কুলে COVID-19 সংক্রমণের ঝুঁকি কমাতে করতে সহায়তা করে। **2021-22 শিক্ষাবর্ষের জন্য, আপনার শিক্ষার্থীর স্কুল, সমস্ত DC পাবলিক এবং পাবলিক চার্টার স্কুলসমূহের জন্য উপলব্ধ একটি শহরব্যাপী COVID-19 -এর স্কুল-ভিত্তিক পরীক্ষা কর্মসূচিতে অংশ নিচ্ছে।**

এই প্রোগ্রামটি একটি লালা-নির্ভর PCR পরীক্ষা ব্যাবহার করে থাকে, যা সম্পর্কে এখানে আপনি আরও জানতে পারবেন: www.shieldt3.com/k12/। পরীক্ষার ফলাফলগুলি শিক্ষার্থীর পিতামাতা/অভিভাবক (বা প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীকে সরাসরি), উপযুক্ত স্কুল কর্মকর্তা(গণ), এবং DC হেলথের সাথে সুরক্ষিত ভাবে শেয়ার করা হবে।

শহরজুড়ে COVID-19 -এর স্কুল-ভিত্তিক পরীক্ষা কর্মসূচিতে অংশগ্রহণকারী DC পাবলিক এবং পাবলিক চার্টার স্কুলগুলি, আপনি এবং আপনার শিক্ষার্থীর সাথে পরীক্ষার প্রোগ্রাম সম্পর্কিত তথ্যাবলী এবং যথাযথ কর্তৃপক্ষের সাথে তথ্য শেয়ার করার জন্য এই ফর্মটি ব্যবহার করছে। **সকল পরীক্ষাই বিনামূল্যে।**

স্কুল-ভিত্তিক পরীক্ষা কর্মসূচি উভয় উপসর্গযুক্তএবং উপসর্গবিহীন পরীক্ষাই সরবরাহ করবে। উপসর্গবিহীন পরীক্ষা হল কোনও শিক্ষার্থীর COVID-19 এর কোনও উপসর্গ না থাকা সত্ত্বেও COVID-19 এর জন্য পরীক্ষা করা, যার মধ্যে আছে রুটিনমাফিক "স্ক্রিনিং" পরীক্ষা। 2021-22 শিক্ষাবর্ষ শুরুর জন্য, শিক্ষার্থীদের একটি এলোমেলো নমুনা প্রতি সপ্তাহে পরীক্ষার জন্য নির্বাচন করা হবে। উপসর্গবিহীন পরীক্ষার মধ্যে COVID-19 -এর কোনও পজিটিভ ঘটনার ঘনিষ্ঠ সংস্পর্শের অর্থাৎ ক্লোজ কন্ট্যাক্টের পরীক্ষাও অন্তর্ভুক্ত রয়েছে। এটি রোগের বিস্তার মন্থর করার জন্য একটি কার্যকর পদ্ধতি এবং সম্ভাব্য প্রাদুর্ভাবগুলি তাড়াতাড়ি সনাক্ত করতে সহায়তা করতে পারে। শিক্ষার্থীরা COVID-19-এর পরীক্ষায় পজিটিভ আসলে, এটি আপনাকে অধিক তাড়াতাড়ি তাদের যত্ন সরবরাহ করার সক্ষমতা প্রদান করে; শিক্ষার্থী, পিতামাতা এবং কমিউনিটিকে উপকৃত করে; এবং অব্যাহত ব্যক্তিগত নির্দেশনাবলী সমর্থন করে। উপসর্গযুক্ত পরীক্ষা করা হয়, যদি কোনও শিক্ষার্থীর স্কুলে থাকাকালীন COVID-19 -এর উপসর্গ দেখা যায়।

**এটি কি পরীক্ষা?** পরীক্ষাটি হল একটি অ-অনুপ্রবেশকারী PCR পরীক্ষা। একটি ছোট টেস্টটিউবে একটি লালার নমুনা সংগ্রহ করা হয়। 1-1.5 মিলিলিটার লালার একটি নমুনা সংগ্রহ করা হয়।

**কাদের পরীক্ষা করা উচিৎ?** DC হেলথ বর্তমানে স্কুল কমিউনিটির ভ্যাকসিন না নেওয়া ব্যক্তিদের জন্য রুটিনমাফিক উপসর্গবিহীন স্ক্রিনিং পরীক্ষার সুপারিশ করে। এই মুহূর্তে, DC হেলথ সম্পূর্ণরূপে টিকা নেওয়া ব্যক্তিদের রুটিনমাফিক উপসর্গবিহীন পরীক্ষায় অংশগ্রহণ করার সুপারিশ করছে না। সকল ব্যাক্তিবর্গের ক্ষেত্রেই COVID-19 এর পজিটিভ ঘটনার ঘনিষ্ঠ সংস্পর্শ এবং COVID-19 এর উপসর্গ রয়েছে এমন ব্যাক্তিদের বর্তমানে DC হেলথ পরীক্ষার সুপারিশ করছে, তাদের টিকা দেওয়া হোক বা না হোক।

**পরীক্ষার কর্মসূচিগুলি কি কি?**

- রুটিনমাফিক উপসর্গবিহীন পরীক্ষা: COVID-19 ভাইরাসের জন্য একটি পরীক্ষা পেতে শিক্ষার্থীকে প্রতি সপ্তাহে জনৈক ব্যাক্তিবর্গের এলোমেলো নমুনার অংশ হিসাবে নির্বাচিত করা যেতে পারে।
- ঘনিষ্ট সংস্পর্শদের পরীক্ষা: শিক্ষার্থী যদি স্কুলের পরিবেশে COVID-19 আক্রান্ত কোনও ব্যক্তির ঘনিষ্ঠ সংস্পর্শ হিসাবে চিহ্নিত হয়, তাহলে তারা উদঘাটনের পরে COVID-19 পরীক্ষার জন্য যোগ্য হবে।
- রুটিনমাফিক উপসর্গযুক্ত পরীক্ষা: স্কুলে COVID-19 এর উপসর্গ দেখা দিলে শিক্ষার্থী একটি COVID-19 পরীক্ষা সম্পন্ন করবেন।

অপর পাশে চলমান

**কিভাবে এবং কখন আমি পরীক্ষার ফলাফল সম্পর্কে জানতে পারব?**

লালা পরীক্ষার ফলাফল গুলি একটি রোগী পোর্টালের মাধ্যমে পাওয়া যাবে যা সরাসরি পিতামাতা/অভিভাবক বা প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীর জন্য উপলব্ধ। ফলাফল সাধারণত 6-12 ঘন্টার মধ্যে পাওয়া যায়। কোনও পরীক্ষা পজিটিভ আসলে পিতামাতা/অভিভাবক, বা প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীর সাথে বিদ্যালয়ের মাধ্যমেও যোগাযোগ করা হবে। DC হেলথ পজিটিভ COVID-19 পরীক্ষার জন্য তাদের নৈমিত্তিক পদ্ধতির অংশ হিসাবে, পিতামাতা/অভিভাবক বা প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের সাথে ফলো-আপ করবেন। রোগী পোর্টাল সম্পর্কে আরও তথ্য পৃথকভাবে সরবরাহ করা হবে।

**আমি যখন আমার ছাত্রের পরীক্ষার ফলাফল পাব তখন আমার কী করা উচিত?**

যদি শিক্ষার্থীর পরীক্ষার ফলাফল নেগেটিভ হয়, তার মানে হলো এই, যে এই মূহুর্তে শিক্ষার্থীর নমুনায় COVID-19 ভাইরাস সনাক্ত হয়নি। শিক্ষার্থীর DC হেলথের সুপারিশকৃত মাস্কিং, স্বাস্থ্যবিধি এবং সামাজিক দূরত্ব অনুশীলন চালিয়ে যাওয়া উচিৎ। যদি শিক্ষার্থীর পরীক্ষার ফলাফল নেগেটিভ থাকে কিন্তু তা উপসর্গযুক্ত হয় অথবা তিনি COVID-19 এর পরীক্ষায় পজিটিভ আসা কোনও ব্যক্তির ঘনিষ্ঠ সংস্পর্শ হয়ে থাকেন, তবে আপনার শিক্ষার্থী কখন স্কুলে ফিরে আসতে পারে সে সম্পর্কে তাদের DC হেলথ এবং আপনার স্কুলের সমস্ত নির্দেশিকা অনুসরণ করতে হবে। যদি শিক্ষার্থীর মধ্যে COVID-19-এর উপসর্গ গুলি দেখা দেয় তাহলে পরীক্ষার ফলাফল নির্বিশেষে আপনার শিক্ষার্থীর স্বাস্থ্যসেবা সরবরাহকারীকে কল করা উচিৎ।

যদি শিক্ষার্থীর পরীক্ষার ফলাফল পজিটিভ হয়, তার মানে হল শিক্ষার্থীর ভাইরাস আছে এবং তা ছড়িয়ে দিতে পারে। দয়া করে অবিলম্বে শিক্ষার্থীর স্বাস্থ্যসেবা সরবরাহকারীর সাথে যোগাযোগ করুন। শিক্ষার্থীকে বাড়িতেই থাকতে হবে এবং DC হেলথ ও আপনার স্কুলের স্বাস্থ্য ও স্কুল নির্দেশিকা মেনে চলতে হবে। পরীক্ষার ফলাফল পাওয়ার সময় শিক্ষার্থী যদি ক্যাম্পাসে থাকে, তবে স্কুল থেকে নিয়ে না যাওয়া পর্যন্ত তাদেরকে একটি বিচ্ছিন্ন এলাকায় নিয়ে যাওয়া হবে।

যেকোনো পরীক্ষাগারের পরীক্ষার মতোই, এখানে অনির্দিষ্ট, মিথ্যা পজিটিভ বা মিথ্যা নেগেটিভ ফলাফলের একটি ছোট ঝুঁকি রয়েছে। COVID-19 এর উপসর্গগুলির উপস্থিতি সহ, আপনার স্বাস্থ্য সম্পর্কিত যে কোনও উদ্বেগের ক্ষেত্রে, আপনাকে আপনার স্বাস্থ্যসেবা সরবরাহকারীর সাথে যোগাযোগ করতে দৃঢ়ভাবে উৎসাহিত করা হচ্ছে।

**দায়বদ্ধতা**

জেলা, স্কুল, এর কর্মচারীগণ এবং প্রতিনিধিরা অপরাধমূলক কাজ, ইচ্ছাকৃত অন্যায়, চরম অবহেলা বা ইচ্ছাকৃত অসদাচরণ ব্যাতীত জেলার শহরব্যাপী স্কুল-ভিত্তিক COVID-19 পরীক্ষা কর্মসূচী সম্পর্কিত কাজ বা ভুল-ভ্রান্তির জন্য নাগরিক দায়বদ্ধতা থেকে মুক্ত থাকবে।

**তথ্য এবং প্রতিবেদন**

এই ফর্ম থেকে প্রাপ্ত তথ্য এবং পরীক্ষার ফলাফল সমূহ COVID-19 প্রতিবেদনের চাহিদার অংশ হিসাবে সংগ্রহ করা হবে এবং যথাযথ স্কুল এবং স্বাস্থ্য কর্তৃপক্ষের সাথে শেয়ার করা হতে পারে। COVID-19-এর পরীক্ষায় পজিটিভ হলে শিক্ষার্থীর পরিচয় স্কুল কমিউনিটির অন্যান্যদের কাছে প্রকাশ করা হবে না।

**আমি কিভাবে সরে দাঁড়াব?** আপনি যদি পরীক্ষার প্রোগ্রাম থেকে সরে দাঁড়াতে চান তবে আপনাকে অবশ্যই আপনার শিক্ষার্থীর জন্য (অথবা আপনি, যদি আপনি 18 বছরের বেশি বয়সী শিক্ষার্থী হন) পরবর্তী পৃষ্ঠায় থাকা অপ্ট-আউট ফর্মটি পূরণ করতে হবে । আপনার এই সরে দাঁড়ানো সংরক্ষণ করা হবে এবং আপনার শিক্ষার্থী আর নির্বাচিত বা পরীক্ষার যোগ্য হবে না। এই অপ্ট-আউট ফর্মটি 2021-22 শিক্ষাবর্ষের জন্য বৈধ, তবে আপনি চাইলে আপনার শিক্ষার্থীর স্কুলে একটি লিখিত চিঠি বা ইমেইল পাঠিয়ে যে কোনও সময় আপনার সরে দাঁড়ানো প্রত্যাহার করতে পারেন এই বলে যে আপনি আপনার শিক্ষার্থীকে (অথবা আপনি, যদি আপনি 18 বছরের বেশি বয়সী শিক্ষার্থী হন) COVID-19 পরীক্ষা করাতে চান।



1050 First Street NE, Washington, DC 20002 • ফোন: (202) 727-6436 TTY: 711 • osse.dc.gov

## স্কুল-ভিত্তিক COVID-19 অপ্ট-আউট ফরম

**যোগাযোগের তথ্য|** পিতামাতা/অভিভাবক (বা শিক্ষার্থী, যদি 18 বছর বয়সী বা তদোর্ধ হয়ে থাকে) কর্তৃক পূরণকৃত

| | | |
|---|---|---|
| শিক্ষার্থীর নামের শেষাংশ: | শিক্ষার্থীর নামের প্রথমাংশ: | জন্ম তারিখ: |

| | |
|---|---|
| স্কুলের নাম: | ওয়ার্ড: |

| | | | | |
|---|---|---|---|---|
| বাসার ঠিকানা: | অ্যাপার্টমেন্ট: | শহর: | প্রদেশ: | জিপ (ZIP): |

| | | |
|---|---|---|
| পিতামাতা/অভিভাবকের নাম: | ফোন: | ইমেইল: |

| | |
|---|---|
| জরুরী যোগাযোগের নাম: | জরুরী যোগাযোগের ফোন: |

নিচে স্বাক্ষর করার মাধ্যমে, আমি প্রত্যয়ন করছি যে:

- আমি স্কুল-ভিত্তিক COVID-19 পরীক্ষা কর্মসূচির প্রচারপত্রে দেওয়া তথ্য পড়েছি এবং বুঝেছি এবং স্কুল-ভিত্তিক COVID-19 পরীক্ষা কর্মসূচিতে অংশগ্রহণ করতে চাই না।
- আমি বুঝতে পারছি যে স্কুল-ভিত্তিক COVID-19 পরীক্ষা কর্মসূচিতে অংশ না নিয়ে যথাযথ স্কুল এবং স্বাস্থ্য কর্তৃপক্ষের কাছে স্কুল কমিউনিটিতে COVID-19 এর সম্ভাব্য উপস্থিতি এবং বিস্তার সম্পর্কে কম তথ্য থাকবে।
- আমি বুঝতে পারছি যে যদি শিক্ষার্থীকে COVID-19 কেসের ঘনিষ্ঠ সংস্পর্শ হিসাবে চিহ্নিত করা হয় বা উপসর্গযুক্ত হয় তবে আমি এই অপ্ট-আউট প্রত্যাহার না করলে শিক্ষার্থী স্কুল-ভিত্তিক COVID-19 পরীক্ষা কর্মসূচির অধীনে পরীক্ষা করার যোগ্য বলে বিবেচিত হবে না।
- আমি এই ফর্মে অবাধে এবং স্বেচ্ছায় স্বাক্ষর করেছি, এবং আমি আইনত নীচে উল্লিখিত নামের শিক্ষার্থীর জন্য সিদ্ধান্ত নেওয়ার জন্য অনুমোদিত (অথবা আমার নিজের জন্য, যদি আমি 18 বছর বা তার বেশি বয়সী ছাত্র হই)।
- আমি যে কোনও সময় আমার সিদ্ধান্ত পরিবর্তন করতে পারি এবং স্কুল-ভিত্তিক COVID-19 পরীক্ষা কর্মসূচিতে অংশ নেওয়া পছন্দ করতে পারি। তবে, আমার অপ্ট-আউট 2021-22 শিক্ষাবর্ষের জন্য বৈধ, যদি না আমি আমার ছাত্রের স্কুল কর্তৃক মনোনীত যোগাযোগের ব্যক্তিকে লিখিতভাবে জানিয়ে দিই যে আমি এই অপ্ট-আউটটি প্রত্যাহার করছি।

পিতামাতা/অভিভাবকের সম্মতিসূচক স্বাক্ষর (শিক্ষার্থী 18 বছরের কম বয়সী হলে) — তারিখ (মাস/দিন/বছর)

শিক্ষার্থীর স্বাক্ষর (যদি 18 বছর বা তার বেশী বয়সী হয়ে থাকে) — তারিখ (মাস/দিন/বছর)



1050 First Street NE, Washington, DC 20002 • ফোন: (202) 727-6436 TTY: 711 • osse.dc.gov